

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
চিকিৎসা শিক্ষা-১ শাখা
www.mefwd.gov.bd

স্মারক নং-৫৯.০০.০০০০.১৪০.৩৩.০২৫.২৩.২০৭

তারিখ: ১৬ চৈত্র ১৪২৯
৩০ মার্চ ২০২৩

বিষয়: ২০২২-২৩ শিক্ষাবর্ষে এমবিবিএস/বিডিএস কোর্সে সরকারি/বেসরকারি মেডিকেল ও ডেন্টাল কলেজ/ডেন্টাল ইউনিটে ভর্তির জন্য বিদেশি শিক্ষার্থীদের আবেদনের সময়সীমা পুনঃনির্ধারণ


- সূত্র-১: স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরের পত্র নং-৫৯.১৪.০০০০.১০৩.৩৩.০০১.২৩.৫৫৭, তারিখ: ২৩/০৩/২০২৩ খ্রি.
২: এ বিভাগের চিকিৎসা শিক্ষা-১ শাখার পত্র নং-৫৯.০০.০০০০.১৪০.৩৩.০২৫.২৩.১৮৯, তারিখ: ২২/০৩/২০২৩ খ্রি.
৩: পররাষ্ট্র মন্ত্রণালয়ের পত্র নং-১৯.০০.০০০০.২২৫.৬১.০০১.২৩/১০০, তারিখ: ০১/০৩/২০২৩ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে ২০২২-২৩ শিক্ষাবর্ষে এমবিবিএস/বিডিএস কোর্সে সরকারি/বেসরকারি মেডিকেল ও ডেন্টাল কলেজ/ডেন্টাল ইউনিটে ভর্তির জন্য বিদেশি শিক্ষার্থীদের আবেদনের সময়সীমা নিম্নরূপভাবে পুনঃনির্ধারণ করা হলো:

ক্রম	বিষয়/বিবরণ	বিদ্যমান সময়াবদ্ধ পরিকল্পনা	পুনঃনির্ধারিত সময়াবদ্ধ পরিকল্পনা
০১.	শিক্ষার্থীরা www.dgme.gov.bd প্ল্যাটফর্মে অনলাইনে আবেদন দাখিল করবে। শিক্ষার্থীরা অনলাইন আবেদনের নির্ধারিত টেমপ্লেটে নিজ নিজ দেশের শিক্ষা ও পররাষ্ট্র মন্ত্রণালয় কর্তৃক এসএসসি/সমমান ও লেভেল/দশম শ্রেণি এবং এইচএসসির সমমান এ লেভেল/দ্বাদশ শ্রেণির সনদপত্র ও নম্বরপত্রের প্রত্যায়িত কপিসহ সংশ্লিষ্ট সকল কাগজপত্র সংযুক্ত করবে।	২২/০২/২০২৩ থেকে ৩০/০৩/২০২৩ খ্রি.	১৬/০৪/২০২৩ খ্রি.
০২.	সরকারি কলেজে ভর্তির ক্ষেত্রে স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর প্রাপ্ত আবেদনসমূহের মার্কস সমতাকরণ (Marks Equalization) সহ যাবতীয় কার্যক্রম সম্পন্ন করে মেধাক্রম অনুসারে তালিকা প্রস্তুত করে উক্ত তালিকা স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগে প্রেরণ করবে। এছাড়া উক্ত সময়সীমার মধ্যে বেসরকারি কলেজসমূহের ভর্তির জন্য প্রাপ্ত আবেদনসমূহের মার্কস সমতাকরণ (Marks Equalization) সহ যাবতীয় কার্যক্রম সম্পন্ন করবে।	৩০/০৪/২০২৩ খ্রি. তারিখের মধ্যে	১৫/০৫/২০২৩ খ্রি.
০৩.	সরকারি ও বেসরকারি কলেজে ভর্তির ক্ষেত্রে স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ সভা অনুষ্ঠানপূর্বক মার্কস সমতাকরণের (Marks Equalization) ভিত্তিতে বিদেশি শিক্ষার্থী নির্বাচন ও কলেজ বরাদ্দ সম্পন্ন করে একটি তালিকা স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরে প্রেরণ করবে। স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর উক্ত তালিকার ভিত্তিতে সরকারি আদেশ জারি করে পররাষ্ট্র মন্ত্রণালয় ও স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগে প্রেরণ করবে। বেসরকারি কলেজে ভর্তির ক্ষেত্রে স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর যোগ্য প্রার্থীদের কলেজ ও দেশ ভিত্তিক তালিকা অধিদপ্তরের ওয়েবসাইটে (www.dgme.gov.bd) প্রকাশ করবে।	১৪/০৫/২০২৩ খ্রি. তারিখের মধ্যে	৩০/০৫/২০২৩ খ্রি.
০৪.	পররাষ্ট্র মন্ত্রণালয় মনোনীত শিক্ষার্থীদের তালিকা/অফিস আদেশ সংশ্লিষ্ট দূতাবাসে প্রেরণ করবে। দূতাবাসসমূহ মনোনীত বিদেশি শিক্ষার্থীদের ভিসা ইস্যুসহ সকল ধরনের সহযোগিতা করবে।	১৫/০৬/২০২৩ খ্রি.	২২/০৬/২০২৩ খ্রি.
০৫.	সরকারি ও বেসরকারি মেডিকেল/ডেন্টাল কলেজ ও ডেন্টাল ইউনিটসমূহ বিদেশি শিক্ষার্থীদের ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করার শেষ তারিখ।	২৭/০৬/২০২৩ খ্রি.	২৭/০৬/২০২৩ খ্রি.

অপর পৃষ্ঠায় দৃষ্টব্য

০২। এমতাবস্থায়, পুনঃনির্ধারিত সময়সীমা অনুযায়ী পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


(মোহাম্মদ রুহুল কুদ্দুস)
উপসচিব
ফোন নং-৫৫১০০৭৩০
e-mail: mel@mefwd.gov.bd

বিতরণ:


০১. পররাষ্ট্র সচিব (সিনিয়র সচিব), পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা [দৃ. আ: পরিচালক (আন্তর্জাতিক সংস্থাসমূহ)]
০২. মহাপরিচালক, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা [দৃ. আ: পরিচালক (চিকিৎসা শিক্ষা)]

স্মারক নং-৫৯.০০.০০০০.১৪০.৩৩.০২৫.২৩.২০৭

তারিখ: ১৬ চৈত্র ১৪২৯
৩০ মার্চ ২০২৩

অনুলিপি সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১. যুগ্ম-সচিব (চিকিৎসা শিক্ষা অনুবিভাগ) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
০২. যুগ্ম-সচিব (চিকিৎসা শিক্ষা অধিশাখা) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ


(মোহাম্মদ রুহুল কুদ্দুস)
উপসচিব